গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd

MD & CEO's Office, BDBL
No: 88.07
Date: 24 MAR 2021

GM / Branch Banking Division

Deputy Managing Director-1

DGM/BML

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.৭০

তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

বিষয়: **'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' উদ্‌যাপন কর্মসূচী বাস্তবায়ন।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং ০৩.৪৫১.২৬৯০.০২৯.০০.০১.২০২১-৩৬ তারিখ ১০ মার্চ ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমগ্র দেশবাসীকে সম্পৃক্ত করে বাংলাদেশের প্রতিটি জেলা ও উপজেলায় 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' উদযাপন কর্মসূচি একযোগে আগামী ২৭ ও ২৮ মার্চ ২০২১, ২ (দুই) দিনব্যাপি 'কোভিড-১৯ এর জন্য অনুসরণযোগ্য স্বাস্থ্যবিধি মেনে' জেলা/উপজেলার কোন সুবিধাজনক উন্মুক্ত স্থানে জনগণের জন্য অনুপ্রেরণামূলক অনুষ্ঠানের আয়োজনের সিদ্ধান্ত সরকার কর্তৃক গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, তাঁর আওতাধীন জেলা/উপজেলায় মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রতিটি জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' উদযাপন কর্মসূচির সাথে সমন্বয়পূর্বক কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দিকনির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র ২ (দুই) পাতা।

DGM/HRMD

২৪-৩-২০২১
মোহাম্মদ সফিউল আলম
উপসচিব
ফোন: ৯৫৫৯১০৯
ইমেইল: ds.admin@fid.gov.bd

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.৭০/১(৪)

তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (দৃঃআঃ পরিচালক, নির্বাহী সেল)।
২) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪) যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪-৩-২০২১
মোহাম্মদ সফিউল আলম

১

# বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
## হেড অফিস, ঢাকা।
### হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নম্বর: ০৬.১/৬২.০০/খন্ড-৩/২০২১/

তারিখ: চৈত্র ১১ , ১৪২৭
মার্চ ২৫ , ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন ও কল্যাণ শাখার উল্লিখিত ২৪.০৩.২০২১ তারিখের ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.৭০ নম্বর স্মারকের সাথে সংযুক্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা কর্তৃক জারিকৃত ১০.০৩.২০২১ তারিখের পত্র নং-০৩.৪৫১.২৬৯৩.০২৯.০০.০১.২০২১.৩৬ অনুযায়ী আগামী ২৭ ও ২৮ মার্চ, ২০২১ তারিখে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' উদযাপন কর্মসূচিতে অংশগ্রহণের জন্য ব্যাংকের সংশ্লিষ্ট জোনাল ও ব্রাঞ্চ অফিস-কে অনুরোধ করা হ'ল।

২৫/০৩/২০২১
(কবির আহমদ)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ফোন: ৯৫৫৬৭৫০

বিতরণ (শুধু BFTS (WAN)-এ জারিকৃত):

০১। সকল ডিপার্টমেন্ট/ইনস্টিটিউট/ইউনিট হেড, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, ঢাকা।
০২। জোনাল ম্যানেজার ও ম্যানেজার, সকল জোন ও ব্রাঞ্চ, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।
০৩। জেনারেল ম্যানেজার মহোদয়গণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
০৪। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয়ের একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা।
০৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস,ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

মুজিব শতবর্ষ

DS(Admin)

স্মারক সংখ্যা: ০৩.৪৫১.২৬৯৩.৪১৯.৩৩.০১.২০২১-৩৬

তারিখ: ২৫ ফাল্গুন, ১৪২৭ / ১০ মার্চ, ২০২১

বিষয়: **'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' উদযাপন কর্মসূচি বাস্তবায়ন।**

উল্লিখিত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হয়েছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিব জন্মশতবর্ষে দেশের এ অর্জন এক বিরাট গৌরবের এবং আনন্দের। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের এ অর্জন নতুন প্রজন্মকে উৎসর্গ করেছেন। সমগ্র দেশবাসীকে সম্পৃক্ত করে বাংলাদেশের প্রতিটি জেলা ও উপজেলায় 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' উদযাপন কর্মসূচি একযোগে আগামী **২৭ ও ২৮ মার্চ ২০২১**, ২ (দুই) দিন 'কোভিড ১৯ এর জন্য অনুসরণযোগ্য স্বাস্থ্যবিধি মেনে' জেলার/উপজেলার কোন সুবিধাজনক উন্মুক্ত স্থানে জনগণের জন্য অনুপ্রেরণামূলক নিম্নরূপ অনুষ্ঠানের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

<u>২৭ মার্চ ২০২১, শনিবার</u>

| | | |
|---|---|---|
| সকাল- | ১০:০০ | - র‍্যালি ও উদ্বোধন |
| | ১০:৩০ | - আলোচনা সভা<br>বিষয়: 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' |
| | ১১:৩০ | - উন্নয়ন বিষয়ক ভিডিও প্রদর্শনী |
| | ১২:৩০ | - স্টল পরিদর্শন (২ দিনব্যাপী স্টলসমূহে প্রদর্শনী চলবে)<br>(বিভিন্ন উন্নয়নের তথ্য উপাত্তসহ সকল দপ্তর স্টলে প্রয়োজনীয় সাজ/সজ্জা করবে এবং প্রদর্শন করবে) |
| | ৪:০০-৬:০০ | - তরুণদের জন্য আয়োজিত অনুষ্ঠান |

- জাতির পিতার জীবনীর উপর নির্মিত তথ্যচিত্র ও ভিডিও প্রদর্শনী (তথ্য মন্ত্রণালয়সহ অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন সময়ে প্রস্তুতকৃত)
- স্থানীয় বিভিন্ন উন্নয়ন তথ্য সমৃদ্ধ চিত্র/ভিডিও প্রদর্শনী
- সাংস্কৃতিক অনুষ্ঠান

*(এ সময়সূচি স্থানীয়ভাবে প্রয়োজনে সমন্বয়যোগ্য)*

<u>২৮ মার্চ ২০২১, রবিবার</u>

| | | |
|---|---|---|
| সকাল- | ১০:০০ | - সেমিনার<br>বিষয়- 'রূপকল্প ২০৪১: উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ' |
| | ১২:০০ | - উন্নয়ন বিষয়ক কুইজ ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা (শিক্ষার্থী ও তরুণদের জন্য) |
| | ০২:৩০ | - স্থানীয় বিভিন্ন উন্নয়নচিত্র প্রদর্শনী |
| | ৪:০০ | - সাংস্কৃতিক অনুষ্ঠান |
| | ৫:০০ | - সমাপনী অনুষ্ঠান |

*(এ সময়সূচি স্থানীয়ভাবে প্রয়োজনে সমন্বয়যোগ্য)*

জেলা ও উপজেলায় উক্ত অনুষ্ঠান বাস্তবায়নে নিম্নরূপ গাইডলাইন অনুসরণ করা যেতে পারে :

ক) সকল জেলা ও উপজেলা পর্যায়ে এ অনুষ্ঠান আয়োজনের মূল বিষয় হবে **'স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ'**। এ লক্ষ্যে জেলা/উপজেলায় কোন সুবিধাজনক উন্মুক্ত স্থানে **জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর, সংস্থার অংশগ্রহণে** দেশের সার্বিক উন্নয়ন তথ্য/চিত্রসমূহ প্রদর্শনের উদ্দেশ্যে স্টল প্রস্তুত করে সর্বসাধারণের জন্য তা প্রদর্শন করা যেতে পারে।

খ) অনুষ্ঠানস্থলের নির্মিত স্টলে তথ্য প্রদর্শনের পাশাপাশি অনুষ্ঠানস্থলে আলোচনা সভা, সেমিনার, ভিডিওচিত্র প্রদর্শনী, তরুণদের জন্য কুইজ ও উপস্থিত বক্তৃতার আয়োজন এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে।

গ) আয়োজিত অনুষ্ঠানসমূহে দেশপ্রেম, মুক্তিযুদ্ধ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের ফলে দেশীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের অর্জনসমূহের উপর নির্মিত বিভিন্ন তথ্য চিত্র/ভিডিও প্রভৃতি উপস্থাপন করা যেতে পারে।

সিনিয়র সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
ডায়েরি নম্বর ৩৪১৪ | তারিখ ১৫/০৩/২১
দ্রুত ব্যবস্থা নিন / জরুরি / আলোচনা করুন / উপস্থাপন করুন / নথিজাত করুন

প্রশাসন ও কল্যাণ শাখা
উপসচিব (প্রশাসন)
ডায়েরি নম্বর
তারিখ

ঘ) মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও তাঁর নেতৃত্ব, দেশের অর্থনৈতিক অগ্রগতি এবং উন্নত বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের রূপকল্প ২০৪১, ডেল্টা পরিকল্পনা-২১০০ প্রভৃতির আলোকে নানাবিধ তথ্য-উপাত্ত এ সকল অনুষ্ঠানে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

ঙ) স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্মিত তথ্যচিত্র/ভিডিও/TVC এর পাশাপাশি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন সময়ে প্রস্তুতকৃত এবং স্থানীয়ভাবে সরকারি দপ্তর কর্তৃক বিভিন্ন সময়ে প্রস্তুতকৃত উন্নয়নমূলক তথ্যচিত্র ও ভিডিওচিত্রসমূহ এক্ষেত্রে উপস্থাপনের জন্য বিবেচনায় গ্রহণ করা যেতে পারে।

চ) জেলা/উপজেলায় আয়োজিত এ অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী, স্থানীয় মাননীয় সংসদ-সদস্য, জনপ্রতিনিধি, সরকারি দপ্তরের ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে বিভিন্ন পর্যায়ে অতিথি, বক্তা, আলোচক ও অংশগ্রহণকারী হিসাবে সম্পৃক্ত করা হবে।

ছ) তরুণ প্রজন্মকে উন্নত বাংলাদেশ বিনির্মাণে অধিকতর সম্পৃক্ত করার প্রয়াসে অনুষ্ঠানস্থলে সর্বস্তরের জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় সুশীল সমাজ, ছাত্র-ছাত্রী, সংবাদকর্মী, এনজিও, সাংস্কৃতিক সংগঠন, শিশু-কিশোর-তরুণদের সংগঠনসহ বিভিন্ন পেশাজীবী সংগঠনের সদস্যবৃন্দদের অংশগ্রহণ স্থানীয় প্রশাসন নিশ্চিত করবেন।

জ) সংশ্লিষ্ট জেলা/উপজেলার বাসিন্দা সরকারের সিনিয়র সচিব/সচিবগণ তাঁদের সুবিধামত সময়ে এ সকল অনুষ্ঠানে যোগদান করতে পারেন। স্থানীয় প্রশাসন এ বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সাধন করবে।

ঝ) আয়োজিত সকল অনুষ্ঠানে সতর্কতামূলকভাবে কোভিড-১৯ এর জন্য অনুসরণযোগ্য স্বাস্থ্যবিধি মেনে সকল অনুষ্ঠান আয়োজনে স্থানীয় প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঞ) প্রত্যেক জেলা সদরের উপজেলা সংশ্লিষ্ট জেলার আয়োজনের সাথে সংযুক্ত থেকে একসাথে অনুষ্ঠানে যোগ দেবে।

ট) অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য প্রতি জেলায় ২ (দুই) লক্ষ টাকা এবং প্রতি উপজেলায় ৭০ (সত্তর) হাজার টাকা অর্থ বরাদ্দ যথাক্রমে জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রেরণ করা হবে।

ঠ) ২ (দুই) দিনব্যাপী অনুষ্ঠানের পর এপ্রিল ২০২১ মাসে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলার পর, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের অংশগ্রহণে উন্নয়ন বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।

উক্ত কর্মসূচি সুচারুরূপে সম্পাদনের জন্য জেলা ও উপজেলা পর্যায়ের জন্য ২ টি কমিটি গঠন করা হলো (পরিশিষ্ট 'ক' জেলা কমিটি এবং পরিশিষ্ট 'খ' উপজেলা কমিটি):

এমতাবস্থায়, সকল জেলা ও উপজেলায় **"স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ"** উদযাপন কর্মসূচি একযোগে আগামী ২৭ ও ২৮ মার্চ ২০২১, ২ (দুই) দিনব্যাপী আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০।০৩।২০২১


( মোহাম্মদ আসাদুজ্জামান )
পরিচালক (নির্বাহী সেল)
ফোন: ৫৫০২৯৬১১
Email: dir.pepz@pmo.gov.bd


বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব/ সচিব ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)

৩। বিভাগীয় কমিশনার ............................................................ (সকল)

৪। জেলা প্রশাসক ............................................................ (সকল)

৫। উপজেলা নির্বাহী অফিসার ............................................................ ( সকল)